## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২০শে কার্ত্তিক বুধবার ১৩৫৮ ইংরাজী 7th Nov. 1951 | ২৪শ সংখ্যা



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

### হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

## Jangipur College.

—∘—

All graduates who have been normally residing for six months within the Jangipur Subdivision are requested to send in their names, addresses and years of graduation (with the names of Universities) to the Principal within a week for enrolment as voters in the Category of 'Persons interested in education' for election to the Governing Body.

Muktipada Chatterji,
Secretary.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২০শে কার্ত্তিক বুধবার সন ১৩৫৮ সাল।

## প্রসাদ ও ভক্তি

—∘—

"প্রসাদ" মানে "অনুগ্রহ"। আবার দেবতা বা দেবতাতুল্য যাঁহাদের ভক্তি করা যায়, তাঁহাদের নিকট নিবেদিত ভোজ্য বস্তুর ভুক্তাবশিষ্ট অংশের নামও প্রসাদ। ভক্তও দুই রকমের আছে। এক রকম ভক্ত হচ্ছে—যাহারা দেবতা বা পূজ্যের প্রতি কায়মনোবাক্যে ভক্তি করে। পূজার পূর্ব্বদিন সামান্য পবিত্র আহার গ্রহণ করিয়া থাকে ইহার নাম সংযম। দেবতার পূজার পর সংযমীভক্ত কণিকামাত্র প্রসাদ পাইয়া তৃপ্ত হইয়া আনন্দ অনুভব করে। আর এক রকমের ভক্ত আছে তাহাদের বাহ্যিক আড়ম্বর খুব জাঁকালো, কিন্তু সংযম বা উপবাসের ধার তাহারা ধারে না, দেবতার সম্মুখে সাষ্টাঙ্গে প্রণাম করার কায়দা দেখাইয়া লোকের দৃষ্টি আকর্ষণ করিবার জন্য ভণ্ডামির পরাকাষ্ঠা দেখাইতে কসুর করে না। ইহাদের যাত্রা বা থিয়েটারের নারদের সহিত তুলনা করা যায়। যখন প্রসাদ বিতরণ হয় তখন নিজের ছেলে, মেয়ে, নাতি, নাতিনী, ভাগনে ভাগনী প্রভৃতি সম্পর্কীয়দের ডাকিয়া আনে। যদি ঘটনাক্রমে প্রসাদ বণ্টনের ভার তাহার উপর পড়ে, তখন বণ্টনে পক্ষপাতিত্ব করিতেও লজ্জা বোধ করে না।

আমাদের বাড়ীতে একটী পঞ্চম বর্ষীয় শিশু তাহার প্রসাদের ভক্তি ও দেবতার ভক্তির সরল স্বীকারোক্তি করিয়া অনেকের প্রাণের কথা ব্যক্ত করিয়াছিল।

আমাদের বাড়ীর নিকটে শ্রীশ্রীজগন্নাথ দেবের মন্দির আছে। প্রত্যহ সন্ধ্যাকালে তাঁহার আরতি ও শীতল উপলক্ষে ঘড়ি ঘণ্টা বাজিয়া থাকে। ঘড়ি ঘণ্টার বাদ্য শুনিবামাত্র বালকটী দৌড়িয়া ঠাকুর বাড়ীতে হাজির হইয়া আরতি দেখিত, শীতল আরতি শেষ হইলে ঠাকুরঘরের সিঁড়িতে এবং পূজক ঠাকুরের পায়ের নিকট মস্তক অবনত করিয়া প্রণাম করিত। পূজক মহাশয় অতটুকু বালকের ভক্তি দেখিয়া মুগ্ধ হইতেন, এবং নিবেদিত ফল মূল ও বাতাসার কিয়দংশ তাহার হাতে দিতেন। সে উক্ত প্রসাদ ভক্ষণ করিয়া বাড়ীতে আসিয়া হাত মুখ ধুইত। প্রত্যহ উহার এই প্রসাদ প্রাপ্তি দেখিয়া পাড়ার অন্যান্য বালক বালিকারা আরতির সময় উপস্থিত হইয়া অনুরূপ ভক্তি দেখাইয়া প্রণাম করিত। পূজক মহাশয় তখন তাঁহার সামান্য নৈবেদ্য প্রসাদ আর বিতরণ করিতে পারেন না। তখন হইতে ভক্তগণকে ডাকিয়া পূজার কোষার জল কুশীতে লইয়া প্রত্যেকের হাতে দিতেন তার সঙ্গে একটী করিয়া চরণ তুলসীও বিতরণ করিতে আরম্ভ করিলেন। আমাদের সেই প্রসাদভক্ত শিশুটী কাঁসর ঘণ্টা বাজনা শুনিয়া আর ঠাকুর বাড়ী যায় না। তার মা তার এই ভক্তি বৈগুণ্য দেখিয়া জিজ্ঞাসা করিল—তুমি আর আরতির সময় ঠাকুরবাড়ী যাও না কেন? বালকটী নিঃশ্বাস ফেলিয়া উত্তর দিল—"আল্ যাব না মা! ঠাকুল মছায় আগে দিত থল্-মুজ (থরমুজ) পেছাদ, বাচ্চা (বাতাসা) পেছাদ। এখন দেয় ছুধু জল পেছাদ আর ছাক (শাক—তুলসী পাতা) পেছাদ। ছিঃ খেতে কিচ্ছু না।

আমাদের হতভাগিনী খণ্ডিতাঙ্গিনী অন্নবস্ত্রের কাঙ্গালিনী দেশমাতৃকার এক প্রধান সম্প্রদায়ের প্রসাদান্বেষী ভক্তই জুটিয়াছে ৩৫০০০ পঁয়ত্রিশ হাজার। তা ছাড়া অন্যান্য দলের ভক্তগণ হৈ হল্লা আরম্ভ করিয়াছে। পুরোহিত মশায় জল-প্রসাদ আর শাক-প্রসাদেও কুলাইতে পারেন কি না সন্দেহ। এই সব ভক্তগণের মধ্যে যিনি যিনি থরমুজ প্রসাদ আর বাতাসা প্রসাদে বঞ্চিত হইয়াছেন, তিনি তিনিই এক এক দল গঠন করিয়া প্রসাদ লাভের নানা মন্ত্র উচ্চারণ করিতেছেন। এক সম্প্রদায়েরই পঁয়ত্রিশ হাজার ভক্ত! প্রসাদ নাকি ৪০০০ ভক্তকে বিলি করার মত আছে। প্রসাদ বণ্টনের সময় ছেলে, মেয়ে, ভাই বন্ধুদের মধ্যে বিলির ব্যবস্থা হইতেছে। এরই মধ্যে দল ভাঙ্গাভাঙ্গি সুরু হইয়াছে। আমরা কেবল ভাবি—এই ভাগের মায়ের দশাটা কি হইবে?

---

## কংগ্রেস মনোনীত প্রার্থী

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকা হইতে নিম্নলিখিত ব্যক্তিগণ পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেস কমিটি কর্ত্তৃক আসন্ন নির্ব্বাচনে প্রার্থী মনোনীত হইয়াছেন।

লোকসভা—মুর্শিদাবাদ—জনাব খোদাবক্স
বহরমপুর—ডাঃ নলিনাক্ষ সান্যাল

রাজ্য পরিষদ

সমসেরগঞ্জ-ফরাক্কা—জনাব গিয়াসুদ্দিন বিশ্বাস
সুতী—শ্রীঝড়ুলাল দাস
সাগরদীঘি-নবগ্রাম—শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য ও শ্রীকুবেরচাঁদ হালদার
মুর্শিদাবাদ—শ্রীদুর্গাপদ সিংহ
ভগবানগোলা-লালগোলা—সাহেবজাদা সৈয়দ কাজেম আলি মির্জ্জা
রাণীনগর—কাজি জয়নাল আবেদিন
জলঙ্গী—কমরেড্ জামান
কান্দী—শ্রীগোলবদন ত্রিবেদী
ভরতপুর—শ্রীবিজয়েন্দুনারায়ণ রায়
খড়গ্রাম-বরঞা—কর্ণেল শ্রীসত্যেন্দ্রচন্দ্র ঘোষ মৌলিক সি-আই-ই ও শ্রীসুধীরকুমার মণ্ডল
বহরমপুর—রায় বাহাদুর অনিলকুমার চট্টোপাধ্যায়, এম-বি-ই
বেলডাঙ্গা—শ্রীক্ষিতীশচন্দ্র ঘোষ
নওয়াদা—জনাব আবদুল লতিফ
হরিহরপাড়া—জনাব আবদুল হামিদ।

## OFFICE OF THE DISTRICT MAGISTRATE MURSHIDABAD

### NOTICE.

Notice is hereby given that a meeting of the Regional Transport Authority, Murshidabad will be held at District Magistrate's Khas Kamra on the 29. 11. 51 at 15-00-0 hrs. to consider the following subjects :—

### AGENDA.

1. To confirm the proceedings of the last meeting.
2. To consider the question of extension of temporary permit to Sri K. N. Sinha and 2 others from Berhampore to Jiaganj route.
3. To consider the letter dated 13. 9. 51 of Sri Rajendra Kishore Kar for permission to run a taxi.
4. To consider a letter from Secretary, R. T. A., Birbhum dated 25. 9. 51 in connection with the petition of Sri Haraprasad Dutta and others.
5. To consider the suggestion from members of the R. T. A. reg. : the question of new routes and extensions vide item 3 of the proceedings of the last meeting.
6. To consider item No. 5 of the proceedings of the last meeting.
7. To consider the report of the Secretary, R. T. A. vide item No. 7 (b) of the proceedings of the last meeting.
8. To consider the Govt. letter No. 7615-WT / T-10T-6/48 dated 13. 8. 51. regarding issue of contract carriage permit in respect of a motor cycle rickshaw.
9. To consider the question of renewal of some existing permits—a separate list attached.
10. To consider a list of temporary permit of motor trucks requiring to be made permanent.
11. Miscellaneous.

Sd/- A. K. Mukherjee
26. 10. 51.
Secretary, R. T. A., Murshidabad.

### LIST OF RENEWAL OF MOTOR VEHICLES AND ROUTES OF DIFFERENT CATEGORIES.

#### TAXI.

(1) Sri Hriday Das, Kandi, W. G. Q. No.

#### NEW APPLICATIONS.

(1) Sri Asimananda Majumdar.
(2) „ Bholadas Singh, Kandi.
(3) „ Siddhartha Krishna Das, Kandi.

#### RENEWAL OF STAGE CARRIAGES

(1) Sri Phani Bhusan Sinha, Raghunathganj-Jangipur Station—Raghunathganj
(2) „ Kaluram Agarwala, „ „
(3) „ Radhika Charan Sen & 8 others, Cossimbazar-Berhampore to Sagarpara route.
(4) „ Surendra Nath Pal, Khagra Berhampore to —Jellangi Via Sagarpara.
(5) „ Karuna Krishna Adhikari, Saidabad Berhampore-Bamnabad route,

#### PUBLIC CARRIER (Renewal).

(1) Sri Purnendu Narayan Sinha, Kandi-Murshidabad-Birbhum route, W. G. Q.—64
(2) Rajendra Kishore Kar, Khagra—W. G. Q.—69

#### LIST OF TEMPORARY PERMITS REQUIRING TO BE MADE PERMANENT.

| | | | |
|---|---|---|---|
| (1) | Sri Nerode Krishna Ghosh, Gobarhati— | W. G. Q. | No. 166 |
| (2) | „ Gour Gopal Das, Islampur Chak | „ | No 163 |
| (3) | „ Biswabharati & Co, Kandi | „ | 130, 134 |
| (4) | „ Jogendra Narayan Saha, Raghunathganj | | No. 282 |
| (5) | „ Brojendra Nath Majumdar | „ | 382 |
| (6) | „ Radhika Sen & others | „ | 124 |
| (7) | „ Raghunath Saha. Goas | „ | 169 |
| (8) | „ Sambhu Kinkar Chattaraj | „ | 262 |
| (9) | „ Sushil Kumar Mandal | „ | 248 |
| (10) | „ Hanuman Mall Bothra, for Mahabir Mills, Cossimbazar | Private Carrier | |

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে নভেম্বর ১৯৫১

১৯৫১ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ বিমলেন্দুনাথ সরকার দিং দেং প্রভাতকুমার দাস দাবি ১৮৩৮৩ থানা স্থতী মৌজে ফতেউল্লাপুর দিং ২০॥০ শতকের কাত ।৪ আঃ ৩০৲ খং ৫৩৭ ৬৬ ২নং লাট মৌজাদি ঐ ১০।০ জমির কাত ৵৪ আঃ ১০৲ খং ২৬২ ৩নং লাট মৌজাদি ঐ ৪ শতকের কাত ৴০ আঃ ২৲ খং ১০৯ ৪নং লাট মৌজাদি ঐ ১॥ শতকের কাত ৻১১ পাই আঃ ১৲ খং ৩৪১ ৫নং লাট থানা ঐ মৌজে রসুনপুর ৩ শতকের কাত ৻৪ পাই আঃ ১৲ খং ৮৭ ৬নং লাট থানা ঐ মৌজে সুজনীপাড়া ১ শতকের কাত ৻৩ পাই আঃ ১৲ খং ১৩২ ৭নং লাট মৌজাদি ঐ ½ শতকের কাত ৻৩ পাই আঃ ১৲ খং ১৬৫

২২ মনি ডিঃ হাজি মনিরুদ্দিন আহাম্মদ দেং আক্কেল মহাম্মদ বিশ্বাস দাবি ৩৯৬৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৪১ শতক ও ৪৮ শতকের কাত যথাক্রমে ১।১১ ও ৪৷৶১১ আঃ ২৫৲ ও ৩৫৲ খং ১নং লাটের ২৯ ও ২নং লাটের ৩০

[ পৃষ্ঠে দেখুন

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে নভেম্বর ১৯৫১

১৯৫০ সালের ডিক্রীজারী

১৭৯ থাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দিং দেং শ্রীরেন্দ্রনাথ রায় দাবি ৯৫৪৮৶৯ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ড ৫৬৮৫ শতকের কাত ১৬২৵০ আঃ ১০০৲ খং ৫ অধীনস্থ খং ৬ হইতে ৪০ পর্য্যন্ত

২৩২ খাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং শচীন দাস দাবি ৩৬/৩ থানা ফরক্কা মৌজে হোসেনপুর ১৫ শতকের কাত ।/৯ আঃ ৫৲ খং ৫ রায়ত স্থিতিবান

১৯৫১ সালের ডিক্রীজারী

১৫৮ খাং ডিঃ পাঁচুগোপাল রায় দিং দেং গোষ্ঠবিহারী মণ্ডল দিং দাবি ১৬৷৵০ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ১১৭ শতকের কাত ২।৶৪ আঃ ৫৲ খং ৮৮

১৯৯ খাং ডিঃ ভূপেন্দ্রনাথ মণ্ডল দেং অঘোরনাথ চক্রবর্ত্তী দাবি ২২৩।৵৩ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ও দক্ষিণপাড়া ৮-৫০ শতকের কাত ৩৬৶/১০ আঃ ১০০৲ খং ৭৯৪।৭২৯

২৫৬ খাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং কালু সেখ দিং দাবি ১৮৬/৯ থানা ফরক্কা মৌজে ভবানীপুর ২/০ জমির কাত ১৷/১২ আঃ ১০৲ খং ১৭৯

২৫৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৮৵৯ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ২৶/০ আঃ ১০৲ খং ২৮৬

২৮৪ খাং ডিঃ বিষ্ণুপদ সাহা দেং বিমলাবালা দেবী দাবি ২৬৵৩ থানা সুতী মৌজে খেরুর ৮৩ শতকের কাত ১৷০ আঃ ১৫৲ খং ১১৬৩

৩১১ খাং ডিঃ কণিকারাণী দেবী দেং গোবর্দ্ধন মাঝি দিং দাবি ৫০৷৯ থানা সমসেরগঞ্জ মৌজে দুর্গাপুর ১২৬ শতকের কাত ৭।৶৩ আঃ ২০৲ খং ৪৯ রায়ত স্থিতিবান


৩১২ খাং ডিঃ ঐ দেং শ্রীনন্দন দাস দাবি ২৫৷৶০ মৌজাদি ঐ ৪৩ শতকের কাত ৩৷৵০ আঃ ১০৲ খং ২০৫ ঐ স্বত্ব

৩১৩ খাং ডিঃ ঐ দেং দ্বিজপদ কর্ম্মকার দিং দাবি ১৪৷/৩ মৌজাদি ঐ ২১ শতকের ১২ আঃ ৪৲ খং ১২৯ ঐ স্বত্ব

২৭৭ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আবু সেখ দাবি ১৪৷৵৩ থানা ফরক্কা মৌজে কুলী ৮০ শতকের কাত ২৬/১১ আঃ ৫৲ খং ১১ রায়ত স্থিতিবান

২৮০ খাং ডিঃ সেখ হাজি আবদুল আজিজ দিং দেং মহেন্দ্রনাথ রায় দাবি ৩৫।/৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-৮ শতকের কাত ৭৷০ আঃ ২০৲ খং ৫৪

---



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত